রেজিঃ উইথ এ/ডি

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৯.২৫-২৬৭

তারিখঃ ১৩-০৯-১৪৩২বঃ
২৮-১২-২০২৫ খ্রিঃ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক, ঢাকা মরফোলজি বিভাগ, বাপাউবো, ঢাকা গত ২৩/১২/২০২৪ খ্রিঃ হতে বিনা অনুমতিতে দপ্তরকে অবহিত না করে অনুপস্থিত রয়েছেন। আপনার কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে আপনি আপনার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বা আপনার কোন সহকর্মীকে অবহিত করেননি। আপনার দপ্তর হতে মুঠোফোনে আপনার সাথে একাধিকবার যোগাযোগ করার চেষ্টা করা হলে আপনার মুঠোফোন বন্ধ পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে, গত ২৯/১২/২০২৪ খ্রিঃ, ১৫/০১/২০২৫ খ্রিঃ এবং ২৪/০২/২০২৫ খ্রিঃ তারিখে আপনার দপ্তর কর্তৃক ডাকযোগে কৈফিয়ত তলবের পত্র আপনার স্থায়ী ঠিকানায় ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হলে বর্ণিত ঠিকানায় কেউ গ্রহণ না করায় পত্রগুলো ফেরত এসেছে। আপনি অদ্যাবধি দপ্তরের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা না করে অব্যাহতভাবে দাপ্তরিক কাজে অনুপস্থিত রয়েছেন। আপনি অদ্যাবধি কাজে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন, যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের পর্যায়ে পড়ে, যা সুষ্ঠু নিয়ম শৃঙ্খলা পরিপন্থী এবং এরূপ কার্যের জন্য আপনার উপর যে কোন দণ্ড আরোপযোগ্য।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দণ্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৯.২৫-৭১; তারিখঃ ১৭/০৪/২০২৫ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত রয়েছেন সেহেতু কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৯.২৫-১১২; তারিখঃ ২৪/০৫/২০২৫ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার ওপর কেন "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ০৭(সাত) কার্য দিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

২৮/১২/২৫

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৭০১০১০১৯

অঃপৃঃদ্রঃ

E:\Rashed\Letter\Showcause.docx28

প্রাপকঃ

১। জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক, ঢাকা মরফোলজি বিভাগ, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ আল আমিন, পিতা- মোঃ ইদ্রিস আলী, গ্রাম-উত্তর তেকানী, ডাকঘর- নাটুয়াপাড়া, থানা- কাজিপুর, জেলা- সিরাজগঞ্জ।
৩। জনাব মোঃ আল আমিন, পিতা- মোঃ ইদ্রিস আলী, গ্রাম-ধলাগাছ (সর্দার পাড়া), ধলাগাছা, ডাকঘর-কামারপুকুর-৫৩১০, সৈয়দপুর, নীলফামারী।

কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানো নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

E:\Rashed\Letter\Showcause.docx29